দামুড়হুদায় কীটনাশক ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামে মোবাইল কোর্টে কীটনাশক ব্যবসায়ীর ২৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বুধবার বেলা ১২ টার দিকে কানাইডাঙ্গা বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গায় মোবাইল কোর্টে কীটনাশক ব্যবসায়ী কামরুল হাসানকে নকল থিয়োভিট সার বিক্রির অপরাধে কৃষি বিপণন আইন ২০১৮ এর ১৯ ধারা মোতাবেক ২৫ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে ১ মাসের জেল প্রদান করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ শারমিন আক্তার। এস এ পিপিও খবিরুল ইসলাম, উপসহকারী কৃষি কর্মকর্তা মামুন অর রশীদ ও মো:জান্নাতুল ফেরদৌস। অভিযান পরিচালনায় সাহায্য করেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির একটি চৌকস টিম।